

নং-সদেক/২০২৩/প্রশাঃ/এন-২/ ১৮৫


তারিখ : ৩০-১০-২০২৩খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় “সমন্বিত উপবৃত্তি কর্মসূচি” এর আলোকে তাদেরকে উপবৃত্তি প্রদানের নিমিত্তে সংযুক্ত ছক (কলেজের ওয়েবসাইটে পাওয়া যাবে : www.debendracollege.gov.bd) মোতাবেক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী গরীব এবং মেধাবী শিক্ষার্থীদের আগামী ০২-১১-২০২৩ থেকে ১৫-১১-২০২৩ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র প্রশাসনিক শাখায় জমা দিতে হবে।

সংযুক্ত কাগজপত্র :

- ০১। ভর্তি রশিদের ফটোকপি ১টি।
- ০২। শিক্ষার্থীর ১৭ সংখ্যার ডিজিটাল জন্মসনদের ফটোকপি ১টি।
- ০৩। আবেদনকারীর পিতা, মাতা ১০ অথবা ১৭ সংখ্যার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১টি করে।
- ০৪। আবেদনকারীর পিতা, মাতার অনুপস্থিতিতে অভিভাবকের ১০ অথবা ১৭ সংখ্যার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১টি করে।
- ০৫। এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি।
- ০৬। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর।
- ০৭। একই একাউন্ট নম্বর/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থীদের ক্ষেত্রে ব্যবহার না করা।
- ০৮। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতা অভিভাবক হলে পিতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে এবং মাতাকে অভিভাবক নির্বাচিত করলে মাতা অভিভাবক হলে মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম প্রদান করতে হবে।
- ০৯। স্কুল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে। এজেন্ট ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখার নাম প্রদান করতে হবে।
- ১০। সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।


৩১.১০.২৩
(প্রফেসর ড. মোঃ রেজাউল করিম)

আইডি নং-২৫৩০

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

প্রফেসর ড. মোঃ রেজাউল করিম

আইডি নম্বর : ২৫৩০

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। উপাধ্যক্ষ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
- ০২। বিভাগীয় প্রধান (সকল), সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
- ০৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
- ০৪। হিসাব রক্ষক, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।